দৈনিক ইত্তেফাক

৪

তারিখ ... OCT 13 1999 ...
পৃষ্ঠা ৫ কলাম ৬ ......

সেন প্রমুখ।

# রাউজান ও রাঙ্গুনিয়ায় বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু

রাঙ্গুনিয়া সংবাদদাতা ॥ সার্বিক সাক্ষরতা আন্দোলন পাইলট কর্মসূচীর আওতায় রাউজান ও রাঙ্গুনিয়া থানায় বয়স্ক শিক্ষা কার্যক্রম শুরু হইয়াছে। গত ২রা অক্টোবর উপরোক্ত দুইটি থানায় ২০টি বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করা হইয়াছে। থানা শিক্ষা বিভাগের ব্যবস্থাপনায় রাঙ্গুনিয়ায় বয়স্ক শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করিয়াছেন, জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব সালাউদ্দিন কাদের চৌধুরী, চট্টগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হারিসউদ্দিন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। পারুয়া ইউনিয়নের ৭ ও ৮নং ওয়ার্ডে প্রাথমিক পর্যায়ে রাঙ্গুনিয়ার ১০টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করিয়াছে পারুয়া ইউপি চেয়ারম্যান সেলিম হোসেন, থানা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) মোজাফফর আহমদ, বেতাগী ইউপি চেয়ারম্যান ফজলুল করিম, নুরুল ইসলাম প্রমখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি আলহাজ্ব সালাউদ্দিন কাদের চৌধুরী শিক্ষা এবং শিক্ষিতের হার বাড়াইতে বর্তমান সরকারের উদ্যোগের প্রশংসা করেন। তিনি সাক্ষরতা আন্দোলনকে সফল করিয়া তোলার জন্য সকলের প্রতি আহ্বান জানাইয়া রাঙ্গুনিয়া বয়স্কা শিক্ষা কেন্দ্রের উদ্বোধনী ঘোষণা দেন।

অনুষ্ঠান শেষে অনুষ্ঠানের বিশেষ অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হারিস উদ্দিন একটি পাইলটপ্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়াছেন।

একদিন বিকালে রাউজান থানায় ১০টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কেন্দ্রের উদ্বোধন করিয়াছেন